গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ছাগলনাইয়া সরকারি কলেজ, ফেনী।
E-mail: chhagalnaiya_govcollege@yahoo.com
Website: www.chhgc.edu.bd ফোন ঃ ০১৩০৯১০৬৪৯৯

# একাদশ শ্রেণী (শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬) ভর্তি বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিচ্ছু শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, আন্ত:শিক্ষা বোর্ডের প্রকাশিত ফলাফলে ছাগলনাইয়া সরকারি কলেজ, ছাগলনাইয়া, ফেনীতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের নিম্নলিখিত তারিখসমূহে ভর্তি ফি ও প্রয়োজনীয় কাগজপত্র জমাদান সাপেক্ষে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

সর্বশেষ ফল প্রকাশ : ০৫/০৯/২০২৫, শুক্রবার
ফলাফল প্রকাশের সাথে সাথে ছাগলনাইয়া সরকারি কলেজ, ফেনী নিশ্চয়ন করে নিশ্চয়ন কপি সংগ্রহ করতে হবে।

## ভর্তি ফি জমাদান:

ভর্তি ফি অবশ্যই অনলাইনে জমা দিতে হবে। অনলাইনে টাকা জমা দেওয়ার তারিখ **০৮/০৯/২০২৫**, সোমবার থেকে **০৯/০৯/২০২৫**, মঙ্গলবার পর্যন্ত।

## ক) কলেজের ওয়েবসাইটে ভর্তি ফি জমাদানের পদ্ধতি :

Step-1 ➤ শিক্ষার্থীদেরকে কলেজের ওয়েবসাইট www.chhgc.edu.bd - এ প্রবেশ করতে হবে।

Step-2 ➤ **"ভর্তি সংক্রান্ত তথ্য"** ট্যাবে ক্লিক করে **"ভর্তি ফি জমাদান"** এবং এরপর **"একাদশ"** সিলেক্ট করতে হবে।

Step -3 ➤ **"পেমেন্ট লিংক খুলুন"** এ ক্লিক করতে হবে।

Step -4 ➤ সার্চ অপশনে **"Chhagalnaiya Government College"** লিখে ক্লিক করতে হবে।

Step -5 ➤ দুটি অপশন **"NU"** এবং **"HSC"** এর মধ্যে **"HSC"** তে ক্লিক করতে হবে।

Step -6 ➤ এর পর **"Admission Fee"** তে ক্লিক করে শিক্ষার্থীর প্রয়োজনীয় তথ্য দিতে হবে, এক্ষেত্রে **"SSC Roll"** নম্বর দিয়ে পাশের সার্চ অপশনে ক্লিক করলে শিক্ষার্থীর তথ্য দৃশ্যমান হবে। এরপর মোবাইল নম্বর দিয়ে **"Next"** অপশনে ক্লিক করে পেমেন্ট কার্যক্রম সম্পন্ন পূর্বক পেমেন্ট রিসিভ ডাউনলোড করতে হবে।

## ফি প্রদানের মাধ্যম

১। সোনালী ব্যাংক ও এর e-wallet
২। Visa কার্ড, Master কার্ড, DBBL Nexus কার্ড।
৩। মোবাইল ব্যাংকিং (নগদ, বিকাশ, রকেট, উপায়)
৪। ইন্টারনেট ব্যাংকিং (AB Bank, South East Bank, MTB, Meghna Bank)

**বিশেষ দ্রষ্টব্য:** কোটায় নির্বাচিত শিক্ষার্থীদেরকে অনলাইনে টাকা জমা না দিয়ে ১০/০৯/২০২৫ খ্রি: কোটার স্বপক্ষে প্রয়োজনীয় সকল কাগজপত্র এবং নির্ধারিত ফি নিয়ে কলেজের শিক্ষক মিলনায়তনে যোগাযোগ করতে হবে।

Scanned with OKEN Scanner

## ভর্তি ফি

| বিভাগ | ভর্তি ফি (ছাত্র) | ভর্তি ফি (ছাত্রী) |
|---|---|---|
| বিজ্ঞান | ২৬৯৫/- | ২৪৫৫/- |
| মানবিক | ২৫৯৫/- | ২৩৫৫/- |
| ব্যবসায় শিক্ষা | ২৫৯৫/- | ২৩৫৫/- |

## প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের তারিখ :

| কাগজপত্র জমাদানের তারিখ ও স্থান | বিভাগ | কক্ষ নং |
|---|---|---|
| ১০/০৯/২০২৫ খ্রিঃ, বুধবার<br>সকাল ১০:০০ টা থেকে ১:০০ টা,<br>কলেজ ভবন | বিজ্ঞান | ১০৩ |
| | মানবিক | ২০২ |
| | ব্যবসায় শিক্ষা | ৩০৬ |

## ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র

০১. কলেজ নিশ্চয়নের অনলাইন কপি।
০২. অনলাইন ভর্তি ফি পরিশোধের প্রিন্ট কপি।
০৩. এসএসসি/সমমান পরীক্ষার মূল মার্কসিট ও মূল প্রশংসাপত্র।
০৪. এসএসসি/সমমান পরীক্ষার মার্কসিটের ফটোকপি ০১ প্রস্থ ও প্রশংসাপত্রের ফটোকপি ০১ প্রস্থ।
০৫. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি ও স্ট্যাম্প সাইজের ০১ কপি ছবি ।
০৬. কোটায় ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য সকল ডকুমেন্টস এর মূল কপি ও ফটোকপি।
০৭. মা-বাবার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
০৮. শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি।
০৯. লিগ্যাল সাইজের খাকি খাম ০১টি।

**বিশেষ সতর্কতা:**

০১। তথ্য গোপন করে কোনো শিক্ষার্থী ভর্তি হলে তার দায়ভার কলেজ কর্তৃপক্ষ বহন করবে না।
০২। কেবল ভর্তির জন্য অনলাইনে নির্বাচিত শিক্ষার্থীরা ভর্তি হতে পারবে।
০৩। কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার ভর্তি বাতিল বলে গণ্য করা হবে।

**বিশেষ দ্রষ্টব্য:** আগামী ১৫/০৯/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় ওরিয়েন্টেশন ক্লাসের মাধ্যমে একাদশ শ্রেণীর শ্রেণী কার্যক্রম শুরু হবে। ঐদিন নির্ধারিত কলেজ ইউনিফর্ম (ছাত্রদের জন্য আকাশী নীল রঙের শার্ট, কালো প্যান্ট, সুনির্দিষ্ট ব্যাজ এবং ছাত্রীদের জন্য নীল সালোয়ার কামিজের ওপর আকাশী নীল রঙের ফুল হাতা হাঁটু পর্যন্ত লম্বা অ্যাপ্রোন, সুনির্দিষ্ট ব্যাজ, নীল স্কার্ফ অথবা নীল ওড়না। বোরকা পড়লে অবশ্যই আকাশী নীল রঙের বোরকার সাথে নীল স্কার্ফ।) পরিধান করে সকল শিক্ষার্থীকে বাধ্যতামূলক উপস্থিত থাকতে হবে।

**যোগাযোগ: মো: মঞ্জুরুল হক, প্রভাষক (উদ্ভিদবিদ্যা)। মোবাইল- ০১৫৩৪-৩৩৫৯১২**

03/09/25
অধ্যক্ষ
ছাগলনাইয়া সরকারি কলেজ, ফেনী

০৩/০৯/২০২৫
(মোহাম্মদ শহিদুল করিম)
প্রভাষক, ইংরেজি
আহ্বায়ক
একাদশ ভর্তি কমিটি-২০২৫

Scanned with OKEN Scanner